যেহেতু, তিনি বহিঃবাংলাদেশ ছুটি (অর্জিত ছুটি) সমাপ্তির পর কানাডায় অবস্থানপূর্বক ০৯-০১-২০১৪ তারিখের স্বাক্ষরযুক্ত আবেদনে অসুস্থতাজনিত কারণে ০৪(চার) মাসের চিকিৎসা ছুটি মঞ্জুর করার জন্য আবেদন করেন। গত ০৫-০৯-২০১৩ তারিখের ছুটি মঞ্জুরীর প্রজ্ঞাপনের শর্ত-ঘ তে ছুটি ভোগরত অবস্থায় ছুটি বর্ধিত করা যাবে না মর্মে উল্লেখ থাকায় গত ২৫-০২-২০১৪ তারিখের ৩৫.০২২.০১৫.০০.০০.০৩৯.১৯৯৯-১১০ সংখ্যক স্মারকমূলে বহিঃবাংলাদেশ চিকিৎসা ছুটি (অর্জিত ছুটি) না-মঞ্জুর করা হয়। মঞ্জুরীকৃত ছুটির মেয়াদ গত ০৮-০১-২০১৪ তারিখ শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, এ প্রেক্ষাপটে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) ও ৩ (সি) মোতাবেক যথাক্রমে অসদাচরণ ও ডিজারশন এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর ১০/২০১৪ রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার নিকট প্রেরণ করা হলে তা প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরত আসে। তদপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (২) (সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব চন্দন কুমার দে (বর্তমানে যুগ্মসচিব)-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ১৪-১২-২০১৪ তারিখে তদন্ত প্রতিবেদনে দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal From Service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং

তার বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ গত ২২-১২-২০১৪ তারিখে প্রেরণ করা হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব পাওয়া যায়নি। তদপ্রেক্ষিতে তাকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal From Service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন মোছাঃ জোহরা বেগম (পরিচিতি নম্বর-০০৫৩৬৯), নির্বাহী প্রকৌশলী কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু, এ প্রেক্ষাপটে মোছাঃ জোহরা বেগম (পরিচিতি নম্বর-০০৫৩৬৯), নির্বাহী প্রকৌশলী প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, এক্ষণে, মোছাঃ জোহরা বেগম (পরিচিতি নম্বর-০০৫৩৬৯), নির্বাহী প্রকৌশলী প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক গত ০৯-০১-২০১৪ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০৩.১৪-১২৮**—যেহেতু, জনাব এন শেখ মোঃ শাহেদ উল কালাম (পরিচিতি নম্বর ৬০১৯৬৮), উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা-এর অনুকূলে জনপ্রশাসন মন্ত্রণালয়-এর ১০-০৬-২০১২ তারিখের ৩৩৩ সংখ্যক স্বারকমূলে University of Technoligy Sydney, Australia -তে Master of Engineering Management Programme-এ অংশগ্রহণের নিমিত্ত ৩০-০৭-২০১২ হতে ৩০-০৬-২০১৩ তারিখ পর্যন্ত শর্ত সাপেক্ষে প্রেষণ মঞ্জুর করা হয়। উক্ত মঞ্জুরীকৃত প্রেষণ মেয়াদ ৩০-০৬-২০১৩ তারিখ শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি তিনি কর্মস্থলে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, এ প্রেক্ষাপটে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(ডি) ও ২(এফ) মোতাবেক যথাক্রমে ডিজারশন ও অসদাচরণ এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর ০৭/২০১৪ রুজু করা হয়। রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার নিকট প্রেরণ করা হলে জবাব পাওয়া যায়নি এবং প্রাপ্তি স্বীকার না হয়ে ফেরতও আসেনি। তদপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭ (২) (সি) মোতাবেক বিভাগীয় মামলার ধারাবাহিকতায় এ বিভাগের উপসচিব জনাব মনীন্দ্র কিশোর মজুমদার কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা গত ০৬-১১-২০১৪ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদনে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত ডিজারশন এর অভিযোগ প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal From Service) গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং তার বিরুদ্ধে কেন উক্ত গুরুদণ্ড আরোপ করা হবে না, সে মর্মে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ গত ২৪-১১-২০১৪ তারিখে প্রেরণ করা হয়;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাবও পাওয়া যায়নি। তদপ্রেক্ষিতে তাকে চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত বহাল রেখে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal From Service) গুরুদণ্ড আরোপের বিষয়ে Bangladesh Public Service Commission (Consultation) regulations, 1979 এর ৬ নম্বর রেগুলেশনের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর মতামত চাওয়া হয়। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব এন শেখ মোঃ শাহেদ উল কালাম (পরিচিতি নম্বর ৬০১৯৬৮), উপ-বিভাগীয় প্রকৌশলী কে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) গুরুদণ্ড আরোপের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

যেহেতু, এ প্রেক্ষাপটে জনাব এন শেখ মোঃ শাহেদ উল কালাম (পরিচিতি নম্বর ৬০১৯৬৮), উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার বিষয়টি মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, এক্ষণে, জনাব এন শেখ মোঃ শাহেদ উল কালাম (পরিচিতি নম্বর ৬০১৯৬৮), উপ-বিভাগীয় প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর সংলগ্ন ছুটি, প্রশিক্ষণ ও প্রেষণজনিত সংরক্ষিত (সিভিল) পদ, ঢাকা কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(৩) (ডি) মোতাবেক গত ০১-৭-২০১৩ তারিখ থেকে চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করার গুরুদণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম, এ, এন, ছিদ্দিক**
সচিব।

---

**সেতু বিভাগ**

**প্রশাসন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ ফাল্গুন ১৪২১/ ২৪ ফেব্রুয়ারি ২০১৫

**নং ৫০.০০.০০০০.০২৫.৫৫.০০৯.১১.৮৩**—বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্পের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিতভাবে 'ভূমি ও সম্পদ মূল্যায়ন পরামর্শক

কমিটি (Property Valuation Advisory Committee-PVAC)' গঠন করা হলোঃ

**আহ্বায়ক**

(১) নির্বাহী প্রকৌশলী, সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প

**সদস্যবৃন্দ**

(২) সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার

(৩) ভূমি হুকুম দখল কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা

(৪) সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

(৫) সহকারী প্রকৌশলী, সাপোর্ট টু ঢাকা এলিভেটেড এক্সপ্রেসওয়ে পিপিপি প্রকল্প

'ভূমি ও সম্পদ মূল্যায়ন পরার্মশক কমিটি' এর কার্যপরিধিঃ

১। ভূমি অধিগ্রহণ সংক্রান্ত প্রচলিত আইন 'ভূমি অধিগ্রহণ অধ্যাদেশ ১৯৮২' (১৯৯৩ সনে সংশোধিত) এর অধীনে এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রণীত IPFF Guideline- এর আলোকে প্রণীত Resettlement Action Plan (RAP) অনুসরণে অধিগ্রহণের জন্য চিহ্নিত ভূমি, অবকাঠামো, গাছপালা, ফসলাদি, ব্যবসা প্রতিষ্ঠান ইত্যাদির প্রত্যার্পন মূল্যসহ (Replacement value) প্রত্যক্ষ বা পরোক্ষভাবে ক্ষতিগ্রস্ত সম্পদের বর্তমান বাজার মূল্য নিরুপন ও মূল্য তালিকায় স্বাক্ষরকরণ;

২। RAP প্রস্তুতকারী কনসালট্যান্ট কর্তৃক সুপারিশকৃত অধিগ্রহণের জন্য প্রস্তাবিত ভূমি, অবকাঠামো, গাছপালা, ফসলাদি ও অন্যান্য সম্পদের প্রত্যার্পণ মূল্য (Replacement value)/ বাজারমূল্য মাঠ পর্যায়ের যাচাইকরণ এবং অনুমোদনের জন্য সুপারিশকরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাহমুদ ইবনে কাসেম**
সিনিয়র সহকারী সচিব।

## সমাজকল্যাণ মন্ত্রণালয়

## আদেশ

তারিখ, ২৯ চৈত্র ১৪২১/ ১২ এপ্রিল ২০১৫

**নং ৪১.০০.০০০০.০৩৬.২৭.০৪৭.১২.৩৩**—যেহেতু, জনাব মোঃ ফরহাদ হোসেন, প্রবেশন অফিসার, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী (পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর সদর, মেহেরপুর ও বোদা, পঞ্চগড়) এর বিরুদ্ধে পূর্ববর্তী কর্মস্থল উপজেলা সমাজসেবা কার্যালয়, মেহেরপুর সদর, এ আশ্রায়ণ প্রকল্পের ক্ষুদ্রঋণ তহবিলের= ১০,১৫,০০০/- টাকার হিসাব ও রেকর্ডপত্রাদি সংশ্লিষ্ট কর্মকর্তাকে বুঝিয়ে না দেয়া এবং বিভিন্ন কর্মসূচির=৫৯,৮৭৫/- টাকা নিজ হস্তগত রাখায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে গত ৩-৬-২০১৩ তারিখে মন্ত্রণালয়ের ৪১.০৩৬.০০১.০০.০০.০৪৭.২০১২-২২৮ সংখ্যক স্মারক যোগে বিভাগীয় মামলা (মামলা নং ২৯/১৩ তারিখ: ৩-৬-২০১৩) দায়ের করা হয়; এবং

যেহেতু, তিনি বিভাগীয় মামলার লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানী প্রদান করেন। শুনানীঅন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত এবং মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তরের মতামত চাওয়ার সিদ্ধান্ত হয়; এবং

যেহেতু, তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা, অভিযোগ বিবরণী, লিখিত জবাব এবং তদন্ত প্রতিবেদন, আশ্রায়ণ প্রকল্প, মেহেরপুর এর হিসাব ও রেকর্ডপত্রাদি সংশ্লিষ্ট কর্মকর্তাকে বুঝিয়ে দেয়া এবং তার পূর্ববর্তি দুটি কর্মস্থলে নিয়ম বহি:ভূতভাবে ঘূর্ণায়মান তহবিলের ১০,২৪,১৭১/-(দশ লক্ষ চব্বিশ হাজার একশত একাত্তর) টাকা হস্তগত করেন এবং তা সার্ভিস চার্জসহ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা প্রদান করেন; এবং

যেহেতু, তিনি ১৫/১৬ বৎসর সমাজসেবা অফিসারের দায়িত্ব পালন করে আসছে। সরকারি অর্থ আত্মসাতের উদ্দেশে উক্ত অর্থ হস্তগত করেন নাই একটি বিশেষ পরিস্থিতির কারণে করেছেন। এই ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করেছেন এবং ভবিষ্যতে আর ভুল করবেন না মর্মে অঙ্গীকার করেছে; এবং

সেহেতু, জনাব মোঃ ফরহাদ হোসেন, প্রবেশন অফিসার, জেলা সমাজসেবা কার্যালয়, নীলফামারী এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগ প্রমাণিত হলেও দুরভীসন্ধি প্রতিয়মান না হওয়ায় একই বিধিমালার বিধি ৪(২)(এ) মোতাবেক তাকে 'তিরস্কার' দণ্ডে দণ্ডিত করা হলো এবং তাকে কঠোর ভাবে সর্তক করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

২। ভবিষ্যতে তাকে 'ঘূর্ণায়মান তহবিল' ব্যবহার যোগ্য (উপজেলা/শহর সমাজসেবা কার্যালয়) কোন পদে পদায়ন না করার নির্দেশনা প্রদান করা হলো।

৩। অবিলম্বে এ আদেশ কার্যকর বলে গণ্য হবে।

**নাছিমা বেগম** এনডিসি
সচিব।

## শিক্ষা মন্ত্রণালয়
## অধিশাখা-৭ (কলেজ-২)

## প্রজ্ঞাপন

তারিখ, ২১ বৈশাখ ১৪২২/ ৪ মে ২০১৫

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৫৪.১৩-২১২**—যেহেতু, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মোঃ সাজেদুল ইসলাম (৯২৫৭), সহকারী অধ্যাপক (রসায়ন), ভান্ডারিয়া সরকারি কলেজ, পিরোজপুরে কর্মরত আছেন। তিনি কুষ্টিয়া সরকারি মহিলা কলেজে কর্মরত থাকাকালীন দীর্ঘদিন ধরে এইচএসসি পড়ুয়া জনৈকা ছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে তার সাথে অনৈতিক কর্মকান্ড চালিয়ে আসছিলেন। তিনি ছাত্রীকে পরীক্ষায় বেশি নম্বর পাইয়ে দেয়ারও আশ্বাস দিয়েছিলেন। এই যৌন নিপীড়নমূলক, সংবেদনশীল এবং স্পর্শকাতর বিষয়টি বিভিন্ন পত্র-পত্রিকায়, ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশিত হওয়ায় কলেজে অধ্যয়নরত ছাত্রীবৃন্দ, অভিভাবকবৃন্দ এবং সাধারণ জনগণের মধ্যে তীব্র ক্ষোভ ও অসন্তোষ সৃষ্টির অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক "অসদাচরণ" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত নোটিশের জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন, সেহেতু গত ২০-০২-২০১৪ তারিখে তার শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে অভিযোগের বিপক্ষে তিনি

যথাযথ তথ্য/উপাত্ত উপস্থাপন করতে সক্ষম হননি বিধায় তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি মর্মে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ সাজেদুল ইসলাম (৯২৫৭), সহকারী অধ্যাপক (রসায়ন), ভান্ডারিয়া সরকারি কলেজ, পিরোজপুর এর ব্যক্তিগত শুনানিতে উপস্থাপিত জবানবন্দি ও অলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনা করে তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নজরুল ইসলাম খান**
সচিব।

---

## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
## তদন্ত ও শৃঙ্খলা শাখা

### আদেশ

তারিখ, ৭ বৈশাখ ১৪২২/ ২০ এপ্রিল ২০১৫

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-৩/২০১৫/৯১(১)**—যেহেতু, জনাব শামীম আহমেদ খান, উপজেলা শিক্ষা অফিসার, সদর, চাঁপাইনবাবগঞ্জ-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) উপবিধি মোতাবেক অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, অভিযুক্ত জনাব শামীম আহমেদ খান স্বীকার করেছেন যে তিনি সময়মত প্ল্যান তৈরী করে পাঠাতে পারেন নি বা এ বাবদ বিল প্রস্তুত করে অর্থও উত্তোলন করতে পারেন নি। তার এ ব্যর্থতা তার বিষয়টি বুঝতে না পারার ফসল;

যেহেতু, তার কাছে যে পত্র দেয়া হয়েছিল তা পড়ে তিনি দ্বিধা দ্বন্দ্বে পড়েছিলেন। তবে পরবর্তীতে তিনি বর্ণিত প্ল্যান তৈরী করে দাখিল করেছেন। তার এ কৃতকর্মের জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেন;

যেহেতু, সার্বিক বিবেচনায় প্রথমবার কৃত এ ব্যর্থতার জন্য সহানুভুতির সাথে বিষয়টি বিবেচনা করে তাকে এ মামলার দায় থেকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব শামীম আহমেদ খান, উপজেলা শিক্ষা অফিসার, সদর, চাঁপাইনবাবগঞ্জ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২)(এ) উপ-বিধি মোতাবেক বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মেছবাহ উল আলম**
সচিব।

---

### প্রজ্ঞাপন

তারিখ, ২৭ ফাল্গুন ১৪২১/১১ মার্চ ২০১৫

**নং প্রাগম/তঃশৃঃ/বিমা-১৯/২০১৪/৬৪(৩)**—যেহেতু, জনাব কাঞ্চন কুমার রায়, সুপারিনটেনডেন্ট, পিটিআই, জামালপুর-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) উপবিধি মোতাবেক অদক্ষতা ও অসদাচরণের অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন;

যেহেতু, তার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য এবং প্রাসঙ্গিক রেকর্ডপত্রাদি পর্যালোচনা করে তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সার্বিক বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদান করা সমীচীন হবে বলে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব কাঞ্চন কুমার রায়, সুপারিনটেনডেন্ট, পিটিআই, জামালপুর-এর সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(২)(বি) উপবিধি মোতাবেক ১(এক) টি বাৎসরিক ইনক্রিমেন্ট ১ বছরের জন্য কর্তন করা হল।

২। জনস্বার্থে এ আদেশ জারী করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আখতার হোসেন**
সচিব।

---

## স্বরাষ্ট্র মন্ত্রণালয়
## পুলিশ-১ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ১৪ বৈশাখ ১৪২২/ ২৭ এপ্রিল ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০৩২.১৫-৩৭৭**—যেহেতু, জনাব মোহাম্মদ কামরুজ্জামান, সিনিয়র সহকারী পুলিশ সুপার, টিডিএস, মিলব্যারাক, ঢাকা এর বিরুদ্ধে তার স্ত্রী জনাব উম্মে আম্মারা সাথী কর্তৃক দায়েরকৃত বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল আদালত-২, ঢাকার পিটিশন মামলা নং-২৫০/২০১৪, ধারা-১১(গ)/৩০, নারী ও শিশু নির্যাতন দমন বিশেষ আইন/২০০০ (সংশোধিত ২০০৩)-এ বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল নং-২, ঢাকা ২৭-১১-২০১৪ তারিখ গ্রেফতারী পরোয়ানা জারী করেন। উক্ত মামলায় বিজ্ঞ আদালত হতে ১১-০১-২০১৫ তারিখে জামিনে মুক্তিলাভ করেন; এবং

২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের ED(Reg.VII)/S-123/78-115(500). Dated Dacca the 21st November. 1978 এর সিদ্ধান্ত অনুযায়ী জামিনপ্রাপ্ত কর্মকর্তা Taken into custody মর্মে গণ্য হবেন বিধায় তাকে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা সমীচীন।

৩। সেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম (MEMORANDUM NO-ED (Reg.vii)S-123/78-115(500), Dated. Dacca the 21st November. 1978 অনুযায়ী জনাব মোহাম্মদ কামরুজ্জামান, সিনিয়র সহকারী পুলিশ সুপার, টিডিএস, মিলব্যারাক, ঢাকা কে চাকুরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

৪। বাংলাদেশ সার্ভিস রুল (বি,এস,আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৫। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০১৯.১৪-৩৭৯**—যেহেতু, জনাব সফিজুল ইসলাম, সাবেক সিনিয়র সহকারী পুলিশ সুপার, আরআরএফ, খুলনা (বর্তমানে সাময়িক বরখাস্তকৃত এবং খুলনা

রেঞ্জ ডিআইজি কার্যালয়ে সংযুক্ত) এর বিরুদ্ধে অত্র মন্ত্রণালয়ের গত ২৪-১২-২০১৪ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০২.০১৯.১৪-১১০১ নম্বর স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করা হয় এবং তার আবেদনের প্রেক্ষিতে গত ১৯-০৩-২০১৫ তারিখে ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদি, অভিযোগের গুরুত্ব, গভীরতা, ধরন, রকম ও সার্বিক পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনা, পরীক্ষা ও বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অসদাচণের অভিযোগ সন্দহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় ব্যক্তিগত শুনানীর এই পর্যায়ে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধিমালার আওতায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(২)(এ) বিধি মোতাবেক 'অব্যহতি' প্রদানপূর্বক ভবিষ্যতে সরকারি দায়িত্বপালনে আরও যত্নশীল ও মনোযোগী হওয়ার নির্দেশ প্রদান করে বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হল। সেইসাথে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের বিগত ০২-১১-২০১৪ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০১.০১৯.১৪-৮৮৪ নম্বর প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হল। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

**আইন অধিশাখা-৩**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৬ চৈত্র ১৪২১/ ৯ এপ্রিল ২০১৫

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৪-১৯৪**—ঠাকুরগাঁও জেলার ঠাকুরগাঁও থানার মামলা নম্বর-২৯, তারিখ ১২-০১-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) ধারায় মামলার আসামীগণ ঠাকুরগাঁও থানাধীন ১৩ নং গড়েয়া ইউনিয়নস্থ দেউনীয়ার বাজার এলাকায় ১০ম জাতীয় সংসদ নির্বাচনে শান্তিপুর্ণ ভোট গ্রহণে বাধা দেয়ার লক্ষ্যে সংঘবদ্ধ হয়ে হাতে লাঠি, লোহার রড, হকিষ্টিক, রামদা, চাইনিজ কুড়াল, বল্লম, ককটেল, পেট্রোল বোমাসহ বেআইনী জনতায় দলবদ্ধ হয়ে দেউনিয়া বাজার এলাকার সবজির দোকান, কম্পিউটার ওয়েল্ডিং মেশিন এর দোকান, ঔষধের দোকান, মুদী দোকান, খাবার হোটেল, কাপড়ের দোকান ইত্যাদি দোকানপাট ভাংচুর, লুটপাট, ককটেল বিস্ফোরণ ঘটিয়ে জনমনের ত্রাস ও আতঙ্ক সৃষ্টির অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপধারা(২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৪-১৯৫**—ঠাকুরগাঁও জেলার ঠাকুরগাঁও থানার মামলা নম্বর-৩০, তারিখ ১২-০১-২০১৪ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) ধারায় মামলার আসামীগণ ঠাকুরগাঁও থানাধীন আকচা আদর্শ উচ্চ বিদ্যালয় ভোট কেন্দ্রে ১০ম জাতীয় সংসদ নির্বাচনে শান্তিপুর্ণ ভোট গ্রহণে বাধা দানের লক্ষ্যে অবৈধ জনতাবদ্ধে ভোট কেন্দ্রে অনধিকার প্রবেশ করতঃ ইটপাটকেল, পেট্রোল বোমা নিক্ষেপ, ভোট কেন্দ্র ভাংচুর, অগ্নিসংযোগ, জনমনে ত্রাস সৃষ্টি এবং দোকানপাট ভাংচুর করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপধারা(২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-১৯৬**—কুমিল্লা জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নম্বর-৮৪, তারিখ ২৬-১১-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)১২ ধারায় মামলার আসামীগণ মারাত্মক অস্ত্রে-সস্ত্রে সজ্জিত হয়ে ককটেল বিস্ফোরণ, আগ্নেয়াস্ত্র দ্বারা গুলি বর্ষণ, জননিরাপত্তা বিঘ্নিত করে সরকারি কাজে বাধা প্রদানসহ সন্ত্রাসী কর্মাণ্ড পরিচালনা ও সহায়তা করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপধারা(২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৪-১৯৭**—কুমিল্লা জেলার সদর দক্ষিণ মডেল থানার মামলা নম্বর-৪৭, তারিখ ২৯-০৯-২০১৩ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২) ধারায় মামলার আসামীগণ সদর দক্ষিণ মডেল থানাধীন কোটবাড়ী পলিটেকনিক ইন্সস্টিটিউট ক্যাম্পাস ও তার আশ পাশের এলাকায় বেআইনী জনতায় দলবদ্ধভাবে ক্যাম্পাসে অবৈধ সমাবেশ, অগ্নি সংযোগ, ত্রাস সৃষ্টি, জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি, কর্তব্যরত পুলিশকে হত্যার উদ্দেশ্যে আক্রমন করে সাধারণ জখমসহ গুরুতর জখম এবং ক্ষতি সাধন করার অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় মামলাটির অভিযোগ বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপধারা(২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মিজানুর রহমান**
উপসচিব।

---

**রাজনৈতিক-৪ অধিশাখা**

**আদেশ**

তারিখ, ২৩ এপ্রিল ২০১৫

**নং স্ব:ম: নির্বাচন-২০(১)/২০০৮ (রাজ-৪)/৫৩৩**—যেহেতু, সরকার আসন্ন ঢাকা উত্তর ,ঢাকা দক্ষিণ ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৫ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠান এবং নির্বাচনে আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার উদ্দেশ্যে জনস্বার্থে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সকল ধরনের আগ্নেয়াস্ত্রসহ চলাফেরা করা এবং আগ্নেয়াস্ত্র প্রদর্শনের উপর নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলে মনে করে,

সেইহেতু, এক্ষণে, সরকার The Arms Act, 1878 (Act XI of 1878) এর ধারা ১৭(ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নোক্ত আদেশ জারী করল:

> আসন্ন ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন/২০১৫ সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠান এবং নির্বাচনে আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার উদ্দেশ্যে নির্বাচনী এলাকায় আগামী ২৫ এপ্রিল, ২০১৫ তারিখ ভোর ৬.০০ ঘটিকা হতে ১ মে, ২০১৫ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত সময়ে জনস্বার্থে লাইসেন্সধারী অস্ত্র মালিকদের সকল ধরনের আগ্নেয়াস্ত্রসহ চলাফেরা করা এবং আগ্নেয়াস্ত্র প্রদর্শনের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো। তবে নির্বাচনকালীন সময়ে আইন-শৃংখলা রক্ষার স্বার্থে সংশ্লিষ্ট জেলা ম্যাজিস্ট্রেট যে কোন আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীকে তার আগ্নেয়াস্ত্র জমা প্রদানের জন্য নির্দেশ দিতে পারবেন।

২। এই আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে ১৮৭৮ সনের অস্ত্র আইনের সংশ্লিষ্ট ধারার বিধান মতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না, যথা:—

(ক) আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর সকল সদস্য;

(খ) বিভিন্ন সরকারি, আধাসরকারি এবং বেসরকারি দপ্তর, আর্থিক ও অন্যান্য প্রতিষ্ঠান এবং স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরী;

ব্যাখ্যা: এই আদেশে "আইন-শৃংখলা বাহিনী" বলিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৫২-এ বর্ণিত আইন-শৃংখলা বাহিনীকে বুঝাইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হাবিবুর রহমান**
উপসচিব।

---

## স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
## শৃংখলা-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ, ১৪ বৈশাখ ১৪২২/ ২৭ এপ্রিল ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০০১.২০১৫-২২৪**—যেহেতু, ডাঃ মোহাম্মদ জলিলুর রহমান (৩৬০৯১), প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা ৬-১১-২০০৯ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, তার সরকারি চাকুরীতে অনুপস্থিতিকাল একনাগাড়ে ৫(পাঁচ) বছরের অধিক সময় অতিক্রান্ত হয়েছে;

সেহেতু, বিএসআর (পার্ট-১)-এর ৩৪ বিধি মোতাবেক তার চাকুরী স্বয়ংক্রিয়ভাবে অবসান ঘটেছে এবং এই অবসান ডাঃ মোহাম্মদ জলিলুর রহমান (৩৬০৯১), প্রাক্তন প্রভাষক, মাইক্রোবায়োলজি বিভাগ, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা এর কর্মস্থলে অনুপস্থিতির মেয়াদ ৫(পাঁচ) বছর পূর্ণ হওয়ার পরদিন অর্থাৎ ৬-১১-২০১৪ তারিখ হতে কার্যকর হবে।

জনস্বার্থে এই প্রজ্ঞাপন জারি করা হল।

**সৈয়দ মনজুরুল ইসলাম**
সচিব।

### আদেশ

তারিখ, ১৫ এপ্রিল ২০১৫

**নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৮৯.২০১৪-২১৫**—যেহেতু, ডাঃ রহিমা আক্তার বেগম (৩৬৮১৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুলাউড়া, মৌলভীবাজার গত ১-৭-২০১১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মতে 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি'র দায়ে ২৩-৯-২০১৪ তারিখে ৪৫.১৫০.০২৭.০১. ০০.০৮৯. ২০১৪-৭৫৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন;

যেহেতু, ডাঃ রহিমা আক্তার বেগম (৩৬৮১৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুলাউড়া, মৌলভীবাজার গত ১-৭-২০১১ তারিখ চাকুরী হতে স্বেচ্ছা অবসর গ্রহণের আবেদন করেন যা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুলাউড়া কর্তৃক গত ২-৭-২০১১ তারিখে ৬১৮ নং স্মারকে সিভিল সার্জন, মৌলভীবাজার বরাবর অগ্রায়ন করা হয়েছে;

এক্ষণে, সেহেতু, ডাঃ রহিমা আক্তার বেগম (৩৬৮১৮), জুনিয়র কনসালটেন্ট (গাইনী), উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, কুলাউড়া, মৌলভীবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনাপূর্বক বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে তাকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

---

## শৃংখলা-২ শাখা

### আদেশ

তারিখ, ২৭ এপ্রিল ২০১৫

**নং ৪৫.১৫১.০২৭.০০.০০.০০৭.২০১৫-১২৯**—যেহেতু, জনাব সৈয়দ মোঃ মতিউর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ), স্বাস্থ্য প্রকৌশল কার্যালয়, নোয়াখালী বিভাগ, নোয়াখালী এর বিরুদ্ধে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক নোয়াখালী জেলার সুধারাম থানার মামলা নং-২৫ রুজু করা হয়।

যেহেতু, তিনি পুলিশ কর্তৃক ফৌজদারী মামলায় গ্রেফতার হয়ে বিজ্ঞ আদালতের মাধ্যমে ১৯-২-২০১৫ তারিখে জেলহাজতে প্রেরিত হন;

যেহেতু, তার বিরুদ্ধে ফৌজদারী মামলা রুজু হয় এবং গ্রেফতার হয়ে জেল হাজতে প্রেরণের কারণে বিএসআর পার্ট-৭-এর ৭৩ বিধি প্রযোজ্য হয়েছে;

এক্ষণে, সেহেতু, জনাব সৈয়দ মোঃ মতিউর রহমান, উপ-সহকারী প্রকৌশলী (তড়িৎ), স্বাস্থ্য প্রকৌশল কার্যালয়, নোয়াখালী বিভাগ, নোয়াখালী কে

সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

প্রচলিত সরকারি নিয়ম মোতাবেক তিনি সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

এই আদেশ আদালত কর্তৃক জেলহাজতে প্রেরণের তারিখ ১৯-২-২০১৫ হতে কার্যকর হবে।

**বিমান কুমার সাহা** এনডিসি
অতিরিক্ত সচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শোক প্রস্তাব**

তারিখ, ২৫ আগস্ট ২০১৫

**নং ০৫.০০.০০০০.১২২.০০.১০৯.১২-২৬১**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ থেকে গভীর দুঃখের সাথে জানাচ্ছি যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) জনাব মোঃ জামাল উদ্দিন বিশ্বাস (১১২২৩) গত ০৯-০৮-২০১৫ তারিখ রোজ রবিবার সন্ধ্যা ৬.৩০ ঘটিকায় দূরারোগ্য ব্যাধি ক্যান্সারে আক্রান্ত হয়ে চিকিৎসাধীন অবস্থায় গ্রীণ লাইফ হাসপাতাল লিঃ, ঢাকায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি.................রাজেউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৫২ বছর ১১ মাস ০৭ দিন।

মরহুম মোঃ জামাল উদ্দিন বিশ্বাস বিগত ০২-০৯-১৯৬২ তারিখে বরিশাল জেলার সদর উপজেলার শোলনা গ্রামে সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ২৬-১১-১৯৮৮ সালে সরকারি চাকরিতে যোগদান করেন এবং বিগত ০৮-১১-২০১২ তারিখে সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে পদোন্নতি পান। তিনি কর্মজীবনে একজন সৎ, দক্ষ, নিষ্ঠাবান এবং সদালাপী কর্মকর্তা ছিলেন। মৃত্যুকালে তিনি বিধবা স্ত্রী, এক পুত্র, এক কন্যা ও অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষ হতে মরহুম মোঃ জামাল উদ্দিন বিশ্বাস এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর রুহের মাগফেরাত কামনা করছি এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।

**মোঃ আব্দুল হাকিম**
অতিরিক্ত সচিব
(সিনিয়র সচিব এর রুটিন দায়িত্বে)।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ, ৩ আগস্ট ২০১৫

**নং বিচার-৭/২এন-১২/২০০০-৪০৬**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২ নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হয়ে আপনাকে (জনাব মোঃ আবু সাইদ, পিতা মোঃ আজিজুর রহমান, মাতা মোছাঃ হামিদা রহমান, গ্রাম বাট্টাজোর, ঝুড়ারপাড়, ডাকঘর বাট্টাজোর নতুন বাজার, উপজেলা বকশীগঞ্জ, জেলা জামালপুর) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে জামালপুর জেলার বকশীগঞ্জ উপজেলার ০৩নং বাট্টাজোর ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে ঃ

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকলে এই নিয়োগ আদেশ স্থগিত বলে গণ্য হবে।

**মোঃ জাহিদুল কবির**
সিনিয়র সহকারী সচিব।

---

**ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়**
**ডাক ও টেলিযোগাযোগ বিভাগ**
**কোম্পানী-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১১ আষাঢ় ১৪২২/২৫ জুন ২০১৫

**নং ১৪.০০.০০০০.০০৮.২২.০০২.১৩(অংশ)-২৭৯**—সরকার এতদ্বারা ডাক ও টেলিযোগাযোগ বিভাগের অধীন "টেলিযোগাযোগ অধিদপ্তর" সৃষ্টি করিল।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফয়জুর রহমান চৌধুরী**
সচিব।